ইত্তেফাক

তারিখ 2/10/74 ... ...
পৃষ্ঠা... 1. কলাম... 6. ...



# প্রাথমিক শিক্ষার দায়িত্ব স্থানীয় সংস্থার উপর অর্পিত হইবে

**—কাজী জাফর**

টাঙ্গাইল, ১লা অক্টোবর (বাসস/এনা)—শিক্ষামন্ত্রী কাজী জাফর আহমদ আজ এখানে 'অপ্রতিষ্ঠানিক শিক্ষা' সংক্রান্ত জেলার ইউনিয়ন পরিষদসমূহের চেয়ারম্যানদের এক সম্মেলনে বলেন, সরকার প্রাথমিক শিক্ষা পরিচালনার দায়িত্ব পর্যায়ক্রমে স্থানীয় সরকারী সংস্থাসমূহকে প্রদানের বিষয় চিন্তা ভাবনা করিতেছেন। তিনি বলেন, এই বিষয়টি জাতীয় শিক্ষা উপদেষ্টা পরিষদের বৈঠকে আলোচিত হইয়াছে এবং এখন সরকারের বিবেচনাধীন রহিয়াছে। শিক্ষামন্ত্রী বলেন, জাতীয় শিক্ষা উপদেষ্টা পরিষদ বর্তমানে একটি সার্বিক, সমন্বিত ও মানবিক শিক্ষাব্যবস্থা প্রণয়নে ব্যস্ত। এই শিক্ষাব্যবস্থা মেহনতি মানুষের আশা-আকাংক্ষা পূর্ণ করিবে। তিনি বলেন, শীঘ্রই দেশের প্রথম শিক্ষানীতি ঘোষণা করা হইবে এবং উহাতে শিক্ষাব্যবস্থার বৈষম্য দূর করা হইবে।

কাজী জাফর বলেন, সরকার দেশ হইতে উদ্দেশ্যহীন শিক্ষা ও অশিক্ষা দূরীকরণে বদ্ধপরিকর। শিক্ষানীতিতে উৎপাদনমুখী ও

(৮ম পৃঃ ৫এর কঃ দ্রঃ)

## কাজী জাফর

(১ম পৃঃ পর)

গণমুখী শিক্ষাব্যবস্থার উপর গুরুত্বারোপ করা হইবে।

ধর্মীয় শিক্ষা প্রসঙ্গে শিক্ষামন্ত্রী বলেন, মাদ্রাসা থাকিবে, তবে মাদ্রাসার পাঠক্রমে কারিগরি ও আধুনিক বিজ্ঞান শিক্ষা সন্নিবেশিত হইবে।

শিক্ষামন্ত্রী বলেন, দেশের মোট জনসংখ্যার শতকরা ২৪ ভাগ লোক মাত্র লিখিতে ও পড়িতে পারেন। মহিলাদের মধ্যে শিক্ষার হার আরও কম। মাত্র ১২ ভাগ মহিলা শিক্ষিত বলিয়া আদমশুমারীতে গণনা করা হইয়াছিল। তিনি বলেন, সম্ভাব্য স্বল্প সময়ের মধ্যে আমাদের জনগণকে শিক্ষিত করিয়া তুলিতে হইবে অন্যথায় উন্নতি ও সমৃদ্ধির সকল চেষ্টাই হইবে সুদূরপরাহত।

কাজী জাফর আহমদ আজ অপরাহ্নে এখানে আগমন করেন। তিনি করটিয়া সাদত কলেজ, মীর্জাপুরে ভারতেশ্বরী হোমস, টাঙ্গাইলে দারুলউলুম মাদ্রাসা, শহীদ আজিজ গার্লস হাইস্কুল, করটিয়া আবেদা খানম গার্লস হাইস্কুল এবং কুমুদিনী কলেজের সমাবেশেও বক্তৃতা করেন।

সন্তোষের ইসলামী বিশ্ববিদ্যালয়ে এক জনসমাবেশে শিক্ষামন্ত্রী কাজী জাফর আহমদ বলেন, সরকারের সুষ্ঠু কার্যকারিতার জন্য বিরোধীদল থাকা অবশ্যই উচিত কারণ, বিরোধী দলসমূহের গঠনমূলক সমালোচনা সরকারকে বিভিন্নভাবে সাহায্য করিয়া থাকে। তিনি বলেন, "দেশে গণতান্ত্রিক মূল্যবোধ বজায় রাখার জন্য আমাদের বিরোধী দলসমূহের সমালোচনায় ধৈর্য ধারণ করা উচিত।"

আজ টাঙ্গাইল ষ্টেডিয়ামে অনুষ্ঠিত ৭ম জাতীয় আন্তঃস্কুল ফুটবলের ফাইনাল খেলায় বরিশালের এ, কে, ইনষ্টিটিউট ফরিদপুর হাই স্কুলকে ১—০ গোলে পরাজিত করিয়া চ্যাম্পিয়ন হয়। শিক্ষামন্ত্রী প্রধান অতিথি হিসাবে বিজয়ীদের মধ্যে সার্টিফিকেট ও শীল্ড প্রদান করেন। এ প্রসঙ্গে তিনি বলেন, ভবিষ্যৎ শিক্ষানীতিতে খেলাধুলাকে বিশেষ গুরুত্ব দেওয়া হইবে।